

Model Activity task 2021(September)

Class-5 | Health & Physical Education|(Part-6)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর

পঞ্চম শ্রেণী| স্বাস্থ্য ও শারীর শিক্ষা |(পাঠ -৬)

স্বাস্থ্য বিধান- ডায়ারিয়া ও মাম্পস

১ বছর মধ্যে সঠিক উত্তরটি খুঁজে নিয়ে শূণ্যস্থানটি পূরণ কর

(ক) ডায়ারিয়া

শরীরেতে যদি জলাভাব হয়,
চোখ বসে যায় তার,
পেটটা খারাপ, সাথে পায়খানা
যদি হয় **বারাবার**

(১) একবার (২) বারবার

(খ) ডায়ারিয়া

বুঝতেই হবে ডায়ারিয়া রোগ
এবার ধরেছে তাকে
দেহকোশে **জল** কমে গ্যাছে তাই
ক্লান্ত যে হয়ে থাকে

(১)মল (২) জল

(গ) ডায়ারিয়া

জলের অভাব পূরণ করাই
এ রোগের মূল কথা
তাই বলে জল উলটোপালটা
খাবে না তো যথাতথা
(১)জলের (২) ভিটামিনের

(ঘ) ডায়ারিয়া

ORS গুলে বিশুদ্ধ জল
করবে যে ব্যবহার
পিপাসা পেলেই এক **গ্লাস** করে
জল খাওয়া দরকার
(১)গ্লাস (২) বোতল

(ঙ) ডায়ারিয়া

খাবার তৈরি যিনি করবেন
যেন **ধুয়ে** নেন হাত
পরিচ্ছন্নতা বড়োই জরুরি
কিবা দিন কিবা রাত
(১) মুছে (২) ধুয়ে

(চ) ডায়ারিয়া

ORS খেয়ে উপকার হলে
নেই কোনো চিন্তার
নয়তো স্বাস্থ্য কেন্দ্রে তাকে
নিয়ে যাওয়া দরকার
(১ OSR)(২)ORS

(ছ) মাম্পস

সংক্রামক এটি এক রোগ

শিশুদের হয়ে থাকে

বড়দেরও এই রোগ হতে পারে

হঠাত যে কোন ফাঁকে

(১) সংক্রামক (২) অসংক্রামক

(জ) মাম্পস

শরীর গরম, কান মাথা ব্যথা

বমি বমি ভাব হয়

মুখের দিকটা ফুলে ফেঁপে ওঠে

মাম্পস তা নিশ্চয়

(১) মুখের (২) কাঁধের

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও

(ক) মাম্পস রোগের উপসর্গগুলি নিজের ভাষায় লেখ।

উঃ মাম্পস রোগের উপসর্গগুলি হলঃ

(i) অল্প গা গরম, ক্ষুধামন্দ, মাথাধরা, ক্লান্তি ভাব দেখা যায়

(ii) কানের কাছে উপরের চোয়ালের গ্রন্থি ফুলে ওঠে।

(iii) মুখের দিকে ফুলে উঠতে পারে।

(iv) কানেও ব্যথা হয়।

(v) বমি বমি ভাব ও বমিও হতে পারে।

(vi) বড়দের ক্ষেত্রে অন্য গ্রন্থিও ফুলে উঠতে পারে।

(খ) টীকা লেখঃ প্রতিষেধক টীকা

উঃ যে জৈব রাসায়নিক যৌগ যা অ্যান্টিবডি তৈরী হওয়ার প্রক্রিয়াকে উত্তেজিত করে দেহে কোন একটি রোগের জন্য প্রতিরোধ ক্ষমতা বা অনাক্রম্যতা জন্মাতে সাহায্য করে তাকে টীকা বলে। কোনো প্রাণীর দেহে রোগ সৃষ্টিকারী ভাইরাস বা ব্যাক্টেরিয়া ইত্যাদির জীবিত বা মৃতদেহ বা কোনো অংশবিশেষ হতে প্রস্তুত ঔষধ যা ঐ প্রাণীর দেহে ঐ ভাইরাস বা ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে অ্যান্টিবডি সৃষ্টি করে।